# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২০

১১/ বিবাহ (كتاب النكاح عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হিলা কারী এবং যার জন্য হিলা করা হয়।

## باب مَا جَاءَ فِي الْمُحِلِّ وَالْمُحَلَّلِ لَهُ

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ الأَشَجُّ، حَدَّثَنَا أَشْعَثُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زُبَيْدٍ الأَيَامِيُّ، حَدَّثَنَا مُجَالِدٌ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، وَعَنِ الْحَارِثِ، عَنْ عَلِيٍّ، قَالاَ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لَعَنَ الْمُحِلَّ وَالْمُحَلَّلَ لَهُ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَبِي هُرَيْرَةَ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَلِيٍّ وَجَابِرٍ حَدِيثٌ مَعْلُولٌ . هَكَذَا رَوَى أَشْعَثُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ مُجَالِدٍ عَنْ عَامِرٍ هُوَ الشَّعْبِيُّ عَنِ الْحَارِثِ عَنْ عَلِيٍّ وَعَامِرٌ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَهَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِالْقَائِمِ لأَنَّ مُجَالِدَ بْنَ سَعِيدٍ قَدْ ضَعَّفَهُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْهُمْ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ . وَرَوَى عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ هَذَا الْحَدِيثَ عَنْ مُجَالِدٍ عَنْ عَامِرٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ عَلِيٍّ . وَهَذَا قَدْ وَهِمَ فِيهِ ابْنُ نُمَيْرٍ وَالْحَدِيثُ الأَوَّلُ أَصَحُّ . وَقَدْ رَوَاهُ مُغِيرَةُ وَابْنُ أَبِي خَالِدٍ وَغَيْرُ وَاحِدٍ عَنِ الشَّعْبِيِّ عَنِ الْحَارِثِ عَنْ عَلِيٍّ .

বাংলা

১১২০. আবূ সাঈদ আশজ (রহঃ) ..... জাবির ইবনু আবদুল্লাহ ও আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। উভয়ে বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (হিলার উদ্দেশ্যে) যে ব্যক্তি ’হিলা’ (বিয়ে) করে আর যার জন্য ’হিলা’ করা হয় উভয়ের উপরই লানত করেছে। - ইবনু মাজাহ ১৫৩৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১১১৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসউদ, আবূ হুরায়রা, উকবা ইবনু আমির ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আলী ও জাবির রাদিয়াল্লাহু আনহুমা বর্ণিত হাদীসটি মা’লুল বা ত্রুটিপূর্ণ। আশআছ ইবনু আবদুর রহমান-মুজালিদ-আমির-হারিস-আলী রাদিয়াল্লাহু আনহু সূত্রে, এবং আমির-জাবির ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

এই হাদীসটির সনদ প্রতিষ্ঠিত নয়। করাণ আহমাদ ইবনু হাম্বল (রহঃ) সহ কোন আলিম মুজালিদ ইবনু সাঈদ-কে যঈফ বলেছেন। আবদুল্লাহ ইবনু নুমায়রও এই হাদীসটিকে মুজালিদ-আমির-জারিব ইবনু আবদুল্লাহ-আলী রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। কিন্তু এতে ইবনু নুমায়রের বিভ্রান্তি ঘটেছে। প্রথম সূত্রটি অধিক সহীহ। মুগীরা ইবনু আবী খালিদ প্রমূখ এটিকে শা’বী- হারিছ- আলী রাদিয়াল্লাহু আনহু সনদে বর্ণনা করেছেন।

## English

Jabir bin Abdullah and Ali narrated:
"The Messenger of Allah cursed the Muhill and the one the Muhallal was done for."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন